



যায়যায়দিন
১৯৮৪ থেকে

তবুও থেমে নেই হিববুত তাহরীরের কর্মকাণ্ড

□ যাযাদি রিপোর্ট

নিষিদ্ধ ঘোষিত হলেও থেমে নেই ধর্মীয় সংগঠন হিববুত তাহরীরের কার্যক্রম। এ সংগঠনের নেতাকর্মীরা আত্মগোপনে থেকেই সাংগঠনিক কর্মকাণ্ড চালিয়ে যাওয়ার চেষ্টা করছে। শুক্রবার সংগঠনের নিষিদ্ধ ঘোষণার সরকারি সিদ্ধান্তের প্রতিবাদে সংবাদ সম্মেলন করার চেষ্টা করে ব্যর্থ হওয়ার পর শনিবার তারা বিভিন্ন সংবাদপত্র অফিসে প্রেস বিজ্ঞপ্তি পাঠিয়েছে। এতে খিলাফত রাষ্ট্র প্রতিষ্ঠা ও আমেরিকাকে রুখতে দেশবাসীকে পাশে থাকার আহ্বান জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে প্রেরণকারীর নাম না থাকলেও এতে সংগঠনের প্রধান সমন্বয়কারী অধ্যাপক মহিউদ্দিন আহমেদের গ্রামীণফোনের ০১৭১৩০০৮৮-২২ মোবাইল নাম্বারের উল্লেখ ছিল। তবে ওই নাম্বারে কয়েক দফা কল করে নাম্বারটি বন্ধ পাওয়া যায়।

বিজ্ঞপ্তিতে দেশের বুদ্ধিজীবী, আলেম-ওলামা, রাজনীতিবিদ ও ক্ষমতার বিভিন্ন স্তরে থাকা ব্যক্তিদের উদ্দেশ্যে বলা হয়, আমেরিকা হিববুত তাহরীরের কার্যক্রমের ওপর নিষেধাজ্ঞা আরোপ করেছে। কারণ আমেরিকা বুঝতে পেরেছে, সাম্রাজ্যবাদী শক্তির পরিকল্পনার ব্যাপারে হিববুত তাহরীরের নিখুঁত বিশ্লেষণ ও মুসলিম উম্মাহকে কুফর শক্তির অধীনস্থ করার সব ষড়যন্ত্র নস্যাত্ত করার ক্ষমতা রয়েছে। কুফর শক্তি আমেরিকা এই মুহূর্তে বাংলাদেশে তার পূর্ণ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করার গভীর ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। হিববুত তাহরীর আমেরিকার এই গভীর ভয়ঙ্কর পরিকল্পনার পথে বিরাট অন্তরায়। এ কারণে কার্যক্রমের ওপর নিষেধাজ্ঞা ও দলীয় মুখপাত্র মহিউদ্দিন আহমেদকে গৃহবন্দি করার সিদ্ধান্ত নিয়েছে। গণতান্ত্রিক মূল্যবোধ, বাক-স্বাধীনতা এবং মানবাধিকারকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে এ দেশে আমেরিকা তার একনিষ্ঠ দালাল সরকারের মাধ্যমে হিববুত তাহরীরের মুখপাত্রকে মিডিয়ার সামনে বক্তব্য রাখতে বাধা দেয়ার চেষ্টা করেছে।

এতে আরো বলা হয়, সম্প্রতি আমেরিকা এ অঞ্চলে তার স্বার্থ সংরক্ষণ করার জন্য কক্সবাজারে একটি বিমান ঘাঁটি তৈরির জন্য বাংলাদেশকে নির্দেশ দিয়েছে। আগামী নভেম্বর মাসে চট্টগ্রামে 'টাইগার শার্ক' নামে বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের যৌথ মহড়া অনুষ্ঠিত হবে। এছাড়া আমেরিকা 'টিফা'র মতো বিভিন্ন চুক্তি বাংলাদেশের জনগণের ওপর চাপিয়ে দিচ্ছে। তাই দালাল সরকার ও আমেরিকাকে রুখতে এখনই সবাইকে আওয়াজ তুলতে হবে। তা না হলে এই নীরবতা আমেরিকাকে আরো শক্তিশালী করে তুলবে। খিলাফত রাষ্ট্র প্রতিষ্ঠার লক্ষ্যে হিববুত তাহরীরের পাশে দাঁড়াতে ও সমর্থন দিতে সাধারণ জনগণের প্রতি আহ্বান জানানো হয়।

Print

Powered By: NavanaSoft